

## যথাযথ প্রক্রিয়ার শুনানির জন্য আবেদন

যদি পিতামাতা তাদের সন্তানের রেফারাল, মূল্যায়ন, শ্রেণিবিভাগ বা পেপ্চসমেন্ট নিয়ে অথবা বিশেষ শিক্ষা পরিষেবার শর্তগুলো নিয়ে দ্বিমত পোষণ করেন তাহলে পিতামাতাকে অথবা শিশুটির প্রতিনিধিত্বকারী একজন অ্যাটার্নিকে যথাযথ প্রক্রিয়ার শুনানির জন্য ফেডারেল আইন অধিকার প্রদান করে।

- যথাযথ প্রক্রিয়ার শুনানির সব অনুরোধ, যা আবার নিরপেক্ষ শুনানি বা ইমপার্শিয়াল হিয়ারিং নামে পরিচিত, অবশ্যই লিখিতভাবে জমা দিতে হবে।
- যখন পিতামাতা যথাযথ প্রক্রিয়ার শুনানির জন্য অনুরোধ জানাবেন, তখন শুনানি শুরু হওয়ার আগে সমস্যাটির সমাধানের চেষ্টা করার জন্য স্কুল ডিস্ট্রিক্টের সাথে দেখা করার জন্য পিতামাতাকে অবশ্যই সম্মত হতে হবে। এই বৈঠকটি, যাকে মীমাংসার বৈঠক বা রেজোল্যুশন সেশন বলা হয়, স্কুল ডিস্ট্রিক্ট পিতামাতার যথাযথ প্রক্রিয়ার অভিযোগের বিজ্ঞপ্তি পাওয়ার ১৫ দিনের মধ্যে অবশ্যই অনুষ্ঠিত হতে হবে। তবে, সমস্যাটির সমাধানের জন্য পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট একটি মধ্যস্থতায় রাজি হতে পারেন অথবা মীমাংসার বৈঠকে বসার পরিবর্তে নিরপেক্ষ শুনানির জন্য অগ্রসর হতে সম্মত হতে পারেন।
- বিশেষ শিক্ষা এবং [Procedural Safeguards Notice](http://www.p12.nysed.gov/specialed/publications/home.html) সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন: <http://www.p12.nysed.gov/specialed/publications/home.html>।

নিরপেক্ষ শুনানির অনুরোধ ডাকযোগে পাঠানোর জন্য নির্দেশনা:

- এই ফরমের উভয় দিক পূরণ করুন এবং মূল ফরমের দু'টি কপি করুন, এবং সেইসাথে সমস্যা বা প্রস্তাবিত সমাধান ব্যাখ্যা করার জন্য আপনি বাড়তি কাগজ যোগ করলে সেগুলোরও দু'টি কপি করুন। জমা দেয়া সবগুলো কাগজপত্রে শিশুটির নাম, জন্মতারিখ ও শিক্ষার্থীর আই.ডি. নম্বর উল্লেখ করার বিষয়টি নিশ্চিত করুন।
- মূল কপিটি এখানে পাঠান: Impartial Hearing Office  
131 Livingston Street, Room 201  
Brooklyn, New York 11201  
ফোন #: (718) 391-6181  
ইমেইল: ihoquest@schools.nyc.gov
- একটি কপি এখানে পাঠান: New York State Education Department, P-12  
Office of Special Education  
89 Washington Avenue – Room 309 EB  
Albany, New York 12234
- আপনার রেকর্ডের জন্য অনুগ্রহ করে একটি কপি আপনার কাছে রেখে দিন।

প্রথম ৩টি ঘরের মধ্যে শুধুমাত্র ১টিতে টিকচিহ্ন দিন:

- আমি একটি নিরপেক্ষ শুনানির সময়সূচি নির্ধারণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।
- আমি মধ্যস্থতার জন্য অনুরোধ জানাচ্ছি।
- আমি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানাচ্ছি, কিন্তু মীমাংসার বৈঠকের (রেজোল্যুশন সেশন) পরিবর্তে মধ্যস্থতার (মেডিয়েশন) জন্য অনুরোধ জানাচ্ছি।

একটি বা উভয় বিবৃতি প্রযোজ্য হলে টিকচিহ্ন দিন:

- এই শিক্ষার্থীর জন্য যথাযথ প্রক্রিয়ার আরেকটি অভিযোগ প্রক্রিয়াধীন রয়েছে।
- এই শিক্ষার্থীর জন্য যথাযথ প্রক্রিয়ার আরেকটি অভিযোগ গত ১২ মাসের মধ্যে প্রত্যাহার করে নেয়া হয়েছে।

### • যথাযথ প্রক্রিয়ার অভিযোগের বিজ্ঞপ্তির জন্য আবেদন

\*শিক্ষার্থীর নাম \_\_\_\_\_ এনওয়াইসি শিক্ষার্থী আই.ডি. (ওএসআইএস) \_\_\_\_\_

\*শিক্ষার্থীর ঠিকানা \_\_\_\_\_ \*সিটি/স্টেট \_\_\_\_\_ জিপকোড \_\_\_\_\_

শিক্ষার্থীর জন্মতারিখ: \_\_\_\_/\_\_\_\_/\_\_\_\_  শিক্ষার্থীটি গৃহহীন হলে, সংশোধন কেন্দ্রে থাকলে, বা পালক পরিচর্যায় থাকলে পাশের ঘরে টিকচিহ্ন দিন

শিক্ষার্থীটি যেখানে পড়ছে (একটিতে টিকচিহ্ন দিন):  সরকারি স্কুল  চার্টার স্কুল  বেসরকারি স্কুল ডিস্ট্রিক্ট# \_\_\_\_\_

**অপর পৃষ্ঠা পূরণ করুন**

আপনি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জমা দেয়ার সময় এই ফরমের উভয় পাশের তারকাচিহ্নিত (\*) সবগুলো তথ্য অবশ্যই উল্লেখ করতে হবে। যদি আপনি বা আপনার অ্যাটার্নি, এই ফরমের তারকাচিহ্নিত (\*) তথ্যগুলো উল্লেখ না করেন, তাহলে মীমাংসার বৈঠক এবং/অথবা যথাযথ প্রক্রিয়ার শুনানি প্রত্যাহ্যান করা হতে পারে বা দেরি হতে পারে এবং আদালত অ্যাটার্নির ফি কম দেয়ার জন্য নির্দেশ দিতে পারে। যদি ডিস্ট্রিক্ট মনে করে যে বিজ্ঞপ্তিটি যথেষ্ট নয় (বিষয়বস্তু সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সম্পূর্ণভাবে প্রদান করা হয়নি), তাহলে ডিস্ট্রিক্ট এই বিজ্ঞপ্তি পাওয়ার ১৫ দিনের মধ্যে মনোনীত নিরপেক্ষ শুনানি কর্মকর্তাকে এবং আপনাকে লিখিতভাবে অবহিত করতে পারে। পর্যাণ্ততার অনুরোধ পাওয়ার পাঁচ দিনের মধ্যে নিরপেক্ষ শুনানি কর্মকর্তাকে অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে যে এই বিজ্ঞপ্তিটি যথেষ্ট কিনা এবং উভয় পক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।

এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত তথ্যগুলো গোপনীয় থাকবে।

পরিমার্জন: 10/2017



---

যথাযথ প্রক্রিয়ার শুনানির জন্য আবেদন চলমান

---

অন্যান্য বা অ্যাটার্নির সাথে যোগাযোগের তথ্য

নাম \_\_\_\_\_ টেলিফোন \_\_\_\_\_

ঠিকানা \_\_\_\_\_ জিপ কোড: \_\_\_\_\_

ইমেইল ঠিকানা \_\_\_\_\_